দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র
Dushtha Shasthya Kendra (DSK)
House # 741, Road # 9, Baitul Aman Housing Society
Adabar, Dhaka 1207, Bangladesh
Phone: +88-02-9128520, 58151176, 8120965
Fax: +88-02-58153413, Email: info@dskbangladesh.org

স্মারক নং : DSK/MC/ITE/822
তারিখ : ডিসেম্বর ৩১, ২০২৫

প্রতি : ---------------------
---------------------

**বিষয় : ম্যাক পিসি ও উপকরণ সরবরাহের জন্য দরপত্র আহ্বান।**

জনাব -----------,

ডিএসকের শুভেচ্ছা নিন।

ডিএসকের প্রধান কার্যালয়ে **ম্যাক পিসি ও উপকরণ সরবরাহের** জন্য আগ্রহী প্রতিষ্ঠানসমূহকে আগামী **জানুয়ারি ১২, ২০২৫** তারিখের মধ্যে procurement@dskbangladesh.org মেইলে দরপত্র প্রেরণের জন্য অনুরোধ জানানো হলো। ম্যাক পিসির স্পেসিফিকেশন ও শর্তাবলী নিম্নে দেয়া হলো:

| ## | Technical Specification | | Qty | Unit Price | Total Price |
|---|---|---|---|---|---|
| 01 | Brand /Model | Apple Mac Pro Tower with Feet | 01 Pc | | |
| 02 | Processor | CPU/ GPU:24-core CPU, 60-core GPU | 01 Pc | | |
| 03 | Ram | 64 RAM | 01 Pc | | |
| 04 | Storage | 1 TB SSD | 01 Pc | | |
| 05 | Chip | M2 Ultra | 01 Pc | | |
| 06 | USB, HDMI hub | Apple | 01 Pc | | |
| 07 | Mouse | Apple Magic Keyboard & Mouse, Mousepad | 01 Set | | |
| 08 | Multi plug | Branded | 01 Pc | | |
| 09 | Monitor | Monitor (4 k, 27") | 01 Pc | | |
| | | Monitor (2 k, 27") | 01 Pc | | |
| 10 | Table | width 5 feet X 2.5 feet | 01 Pc | | |
| **Total Price:** | | | | | |

**শর্তাবলী ঃ**

১ কার্যাদেশ প্রাপ্তির **৫ (পাঁচ) কর্মদিবসের** মধ্যে স্পেসিফিকেশন অনুযায়ী পিসি ও উপকরণ কোম্পানীর অরিজিনাল মোড়কে প্যাকিং অবস্থায় সরবরাহ করতে হবে।
২ পিসি ও উপকরণ সরবরাহের **১০(দশ) কর্মদিবসের** মধ্যে আপনার প্রতিষ্ঠানের নামে একাউন্ট পেয়ি চেকে বিল প্রদান করা হবে।
৩ সরকারি নীতিমালা অনুযায়ী বিল থেকে প্রযোজ্য ভ্যাট এবং ইনকাম ট্যাক্স উৎসে কর্তন করে রাখা হবে।
৪ বিল সংগ্রহের **১০ (দশ) কর্মদিবস পর** আয়কর জমার চালানের কপি সরবরাহকারীকে নিজ দায়িত্বে সংগ্রহ করতে হবে।
৫ কার্যাদেশ অনুয়ায়ি গুণগত মানসম্পন্ন পণ্য সরবরাহ না করলে কার্যাদেশ এবং বিল স্বয়ংক্রিয়ভাবে বাতিল হয়ে যাবে।
৬ সংস্থার স্বার্থে ডিএসকে'র উর্ধ্বতন কর্তৃপক্ষ উপরোক্ত পণ্য সরবরাহের পূর্বে কার্যাদেশ বাতিলের ক্ষমতা সংরক্ষণ করেন।
৭ ডিএসকে'র যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন (**PSEA**) নীতিমালার শর্তসমূহ মনোযোগ সহকারে পড়ে শেষের পাতায় ব্যক্তিগত স্বীকৃতিপত্রে নিজের নাম, কোম্পানীর নাম, সিলসহ স্বাক্ষর দিয়ে দরপত্রের সাথে পাঠাতে হবে।
৮ ডিএসকে'র শিশু সুরক্ষা নীতিমালা মেনে চলতে হবে। ডিএসকে কখনই শিশুর শারীরিক ও মানিসিক নির্যাতন কিংবা ঝুঁকিপূর্ণ শিশু স্বাস্থ্য শ্রমকে প্রশ্রয় দেয় না। ১৮ বছরের নিচের কোন শিশুকে শ্রমিক হিসেবে নিয়োজিত করা যাবে না।
৯ ভেন্ডরকে শ্রমিক, নারী ও প্রতিবন্ধীর অধিকার এবং পরিবেশ ও রাষ্ট্রীয় শ্রম, শিশু-শ্রম আইন ও বিধিমালা এবং বাংলাদেশ সরকারের মানি লন্ডারিং এবং সন্ত্রাসী অর্থায়ন কার্যক্রম সম্পর্কিত আইন ও বিধিমালা যথাযথভাবে মেনে চলতে হবে।
১০ পণ্য সরবরাহের জন্য যোগাযোগ করুন: মো: ওমর ফারুক, মোবাইল নম্বর: ০১৭১৩-১৫১৩১৭, বাড়ি নং ১০২৯, সড়ক-১৭/বি, বায়তুল আমান হাউজিং সোসাইটি, আদাবর, ঢাকা-১২০৭।

মোঃ নূরুল হক মল্লিক
উর্ধ্বতন প্রকিউরমেন্ট কর্মকর্তা

Dushtha Shasthya Kendra (DSK) Dhaka

সরবরাহকারীর নাম ও স্বাক্ষর

DSK দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র DUSHTHA SHASTHYA KENDRA

# Vendor Information Form

Annex-01

## Vendor Profile

| 01 | Required Information | Enter appropriate information | |
|---|---|---|---|
| a) | Company/Individual Name | | |
| b) | Owner Name (if different from above) | | |
| c) | Owner's Nationality and NID No. | | |
| d) | Contact Person and Cell Number | | |
| e) | Business Address | | |
| f) | Cell and Email number | | |

| 02 | Registration of Business | Click in the appropriate box | | | | |
|---|---|---|---|---|---|---|
| a) | Trade/Business License [Updated] | **2024** | | | **2025** | |
| b) | Tax Identification Number [TIN Updated] | **2023-24** | | | **2024-25** | |
| c) | Proof of Submission of Return [PSR Updated] | **2023-24** | | | **2024-25** | |
| d) | Business Identification Number (BIN) | | | | | |

| 03 | Customer References | List of 3 Renowned Client |
|---|---|---|
| a) | Contact Person Name: | |
| | Cell Number: | |
| | Email Address (If any): | |
| b) | Contact Person Name: | |
| | Cell Number: | |
| | Email Address (If any): | |
| c) | Contact Person Name: | |
| | Cell Number: | |
| | Email Address (If any): | |

| 04 | Previous Experience | | | | |
|---|---|---|---|---|---|
| Have you ever done business in the below agencies? | | If yes tick the appropriate box | | | |
| a) | **National NGO:** ASA, BRAC, DSK, RDRS, TMSS | Yes | | No | |
| b) | UN agency: UNDP, UNICEF, IOM, CARE, IRC, KNH, CAID, IVY Japan, Water Aid, Water First USA, WOP, etc. | Yes | | No | |
| c) | Hospitals and Health Institutions | Yes | | No | |
| d) | Attach a work orders of Tk. 50 Lakh+ to be executed in 2024 | Yes | | No | |
| e) | Indicate how long you have been in this type of business. | | Years | | |
| f) | Have you been blacklisted from any organization before?<br>If yes then write the name of the institution. | Yes | | No | |

| 05 | For DSK | If yes tick the appropriate box | | | |
|---|---|---|---|---|---|
| a) | Customer References Verified | Yes | | NO | |
| b) | Anti-Terrorism Check Completed | Yes | | NO | |
| c) | Are there any abnormalities in the post-assessment evaluation? | Yes | | NO | |

Md. Nurul Haque Mallik
Sr. Procurement Officer, DSK

Dushtha Shasthya Kendra (DSK) Dhaka

Name, Sign and
Seal of the Contractor

**দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)**

**যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন [Policies on elimination of Sexual Exploitation & Abuse (PSEA)] নীতিমালা**

**কার্যনির্বাহী পরিষদের সভায় (সভা নং ০৩, তারিখ ২৮-০২-২০২১) অনুমোদিত**

**পটভূমি:**

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে) তার কর্মকর্তা/কর্মচারী ও উপকারভোগীদের যৌন নিপীড়ন ও হয়রানি, ভীতি প্রদর্শন, সহিংসতা, হুমকি, বিকৃত অঙ্গভঙ্গি প্রদর্শন, অপমান, বৈষম্য, নিগ্রহ, অবহেলা এবং শোষণের বিরুদ্ধে তাদের সুরক্ষায় প্রতিশ্রুতিবদ্ধ। উল্লেখ্য যে, বর্তমানে যৌন নিপীড়ন, হয়রানি, নির্যাতন, নারীর প্রতি সহিংসতা, মত প্রকাশ ও ব্যক্তি স্বাধীনতা খর্বের ঘটনা ক্রমাগত বৃদ্ধি পাওয়ায় সংস্থা এ ধরনের একটি নীতিমালা প্রণয়নের প্রয়োজনীয়তা অনুভব করেছে। এর ফলে ডিএসকে তার কর্মকর্তা/কর্মচারী, উপকারভোগী ও অন্যান্য সংশ্লিষ্ট সকল অংশীজন, সহায়ক ব্যক্তি বা প্রতিষ্ঠানের সুরক্ষা নিশ্চিত করার কাজে প্রয়োজনীয় ভূমিকা পালন করতে পারবে। একই সাথে সংস্থার কাজে সহায়তাকারী বিভিন্ন প্রতিষ্ঠান সরবরাহকারী, ঠিকাদার, দাতা সংস্থা ও পরামর্শক/উপদেষ্টা এই নীতিমালার অন্তর্ভুক্ত হবেন।

ডিএসকে'র সাথে সংশ্লিষ্ট কোন ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে সম্পাদিত যে কোন চুক্তিতে সুরক্ষা বিষয়ে শর্তাদি অন্তর্ভুক্ত থাকবে। ডিএসকে বিশ্বাস করে যে সুরক্ষা-নীতিমালা শুধুমাত্র কর্মসূচি বাস্তবায়ন করেই শেষ হয় না, সুরক্ষা-নিশ্চিতকরণে অংশীদার, সরবরাহকারী এবং সেবা গ্রহণকারী ব্যক্তি বা প্রতিষ্ঠানের সাথে আলোচনা একটি চলমান প্রক্রিয়া।

যৌন নিপীড়ন ও হয়রানি মৌলিক মানবাধিকার লঙ্ঘন। যে কোন ধরনের কর্মকাণ্ড, সরবরাহ ব্যবস্থা বা অংশীদারিত্বের কোনখানে কেউ নিপীড়ন ও হয়রানির শিকার হবে না অর্থাৎ যৌন হয়রানিমুক্ত কর্মপরিবেশ নিশ্চিত করতে ডিএসকে বদ্ধপরিকর। এর মাধ্যমে নীতি ও নিষ্ঠার সাথে সকল প্রকার লেনদেন, সম্পর্ক স্থাপন এবং তা বাস্তবায়নে কার্যকর পদ্ধতি জোরদার হবে। জাতীয় ও আন্তর্জাতিক বাধ্যবাধকতার সাথে সংগতি নিশ্চিত করতে এবং সংশ্লিষ্ট আইন, বিধি ও নিয়ম কানুন অনুসারে এ নীতিমালা প্রণীত হলো।

**নীতি ও মূল্যবোধ:**

এ নীতিমালা যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন এর ক্ষেত্রে প্রযোজ্য। ডিএসকে'র কাজের সাথে প্রত্যক্ষ বা পরোক্ষভাবে সম্পৃক্ত সকল অংশীজন এই নীতিমালার অন্তর্ভুক্ত। যৌন নিপীড়ন ও হয়রানির ক্ষেত্রে ডিএসকে শূন্য সহিষ্ণুতা (Zero Tolerance) পন্থা ও সংস্কৃতি অনুসরণ করে। ডিএসকে যৌন নিপীড়ন ও হয়রানি সম্পর্কিত কোন ঘটনায় নিযুক্ত কোন ব্যক্তির অংশগ্রহণ, সহযোগিতা বা কোন প্রকার সংশ্লিষ্টতা সমর্থন করে না। ডিএসকে যৌন নিপীড়ন ও হয়রানির ক্ষেত্রে যে কোন বৈশিষ্ট্যসম্পন্ন (জাতি, ধর্মবিশ্বাস, বর্ণ, লিঙ্গ, নৃ-তাত্ত্বিক পরিচয়, বয়স, সক্ষমতা, সম্প্রদায়, অর্থনৈতিক অবস্থা) মানুষের সুরক্ষা নিশ্চিত করতে বদ্ধপরিকর।

**যাদের জন্য প্রযোজ্য:**

সংস্থার সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীসহ স্বেচ্ছাসেবক, ইন্টার্ন, উপদেষ্টা/বিশেষজ্ঞ/পরামর্শক, সহযোগী প্রতিষ্ঠান/সিবিও, তৃতীয় পক্ষের প্রতিনিধি, সরবরাহকারী এবং ব্যবসায়িক সহযোগী যারা ডিএসকে'র সাথে সংশ্লিষ্ট তারা এ নীতিমালার আওতাভুক্ত হবেন।

**যৌন নিপীড়ন ও হয়রানি বলতে বুঝায়-**

ক) অনাকাঙ্ক্ষিত যৌন আবেদনমূলক আচরণ (সরাসরি কিংবা ইঙ্গিতে) যেমন: শারীরিক স্পর্শ বা এ ধরনের প্রচেষ্টা;
খ) প্রাতিষ্ঠানিক ও পেশাগত ক্ষমতা ব্যবহার করে কারো সাথে যৌন সম্পর্ক স্থাপনের চেষ্টা করা;
গ) যৌন হয়রানি বা নিপীড়নমূলক উক্তি;
ঘ) যৌন সুযোগ লাভের জন্য অবৈধ আবেদন;
ঙ) পর্ণোগ্রাফি দেখানো;
চ) যৌন আবেদনমূলক মন্তব্য বা ভঙ্গি;
ছ) অশালীন ভঙ্গি, অশালীন ভাষা বা মন্তব্যের মাধ্যমে উত্যক্ত করা বা অশালীন উদ্দেশ্য পূরণে কোন ব্যক্তির অলক্ষ্যে তার নিকটবর্তী হওয়া বা অনুসরণ করা, যৌন ইঙ্গিতমূলক ভাষা ব্যবহার করে ঠাট্টা বা উপহাস করা;
জ) চিঠি, টেলিফোন, মোবাইল, এসএমএস, ছবি, নোটিশ, কার্টুন, বেঞ্চ, চেয়ার-টেবিল, নোটিশ বোর্ড, অফিস, ফ্যাক্টরি, শ্রেণিকক্ষ, বাথরুমের দেয়ালে যৌন ইঙ্গিতমূলক অপমানজনক কোন কিছু লেখা;
ঝ) ব্লাকমেইল অথবা চরিত্র হননের উদ্দেশ্যে স্থির বা ভিডিও চিত্র ধারণ করা;
ঞ) যৌন হয়রানির কারণে খেলাধুলা, সাংস্কৃতিক, প্রাতিষ্ঠানিক এবং শিক্ষাগত কার্যক্রমে অংশগ্রহণ থেকে বিরত থাকতে বাধ্য হওয়া;
ট) প্রেম নিবেদন করে প্রত্যাখ্যাত হয়ে হুমকি দেয়া বা চাপ প্রয়োগ করা;
ঠ) ভয় দেখিয়ে বা মিথ্যা আশ্বাস দিয়ে বা প্রতারণার মাধ্যমে যৌন সম্পর্ক স্থাপন বা স্থাপনে চেষ্টা করা।



Dr. Dibalok Singha
Executive Director
Dushtha Shasthya Kendra (DSK)

ক - ঠ ধারায় উল্লেখিত আচরণসমুহ নারীর স্বাস্থ্য ও সুরক্ষার জন্য হুমকিস্বরূপ এবং অপমানজনক। কোন নারী যদি এ ধরনের আচরণের শিকার হন এবং যদি তিনি মনে করেন যে, এই বিষয়ে প্রতিবাদ করলে তার কর্মক্ষেত্র বা যেখানে তিনি আছেন সেখানকার পরিবেশ তার উন্নয়নের জন্য বাধা বা প্রতিকূল হতে পারে তাহলে উক্ত আচরণসসূহ নারীর প্রতি বৈষম্যমূলক বলে বিবেচিত হবে।

**সংজ্ঞা:**

| | |
|---|---|
| যৌন নিপীড়ন | যৌন উদ্দেশ্যে দুর্বল, সংবেদনশীল, স্পর্শকাতর অবস্থানের বা আস্থার অপব্যবহার করা বা করার চেষ্টা করা; ক্ষমতার অপব্যবহার, বিশ্বাস বা নির্ভরতার অবস্থানের প্রেক্ষিতে কোন যৌন নির্যাতন বা নির্যাতনের চেষ্টা; কোন জবরদস্তিমূলক বা ভীতিপূর্ণ অবস্থানে রেখে (আর্থিক, সামাজিক বা রাজনৈতিক সুবিধার প্রস্তাব বা প্রতিশ্রুতি দিয়ে) অশালীন সম্পর্ক, অনাহুত স্পর্শ, যৌন আক্রমণ, ধর্ষণ, যৌনতা বা যৌনসম্পর্কিত শারীরিক অনুপ্রবেশের হুমকি বা বাস্তবিক অনুপ্রবেশ, অযাচিত অথবা অনাহুত কোন পর্নোগ্রাফি, বার্তা/লেখা, ছবি (ইমেজ), স্থির বা ভিডিও চিত্র দেখানো, অডিও রেকর্ড শুনানো বা অনাকাঙ্ক্ষিত অংগভঙ্গি প্রদর্শন ইত্যাদি। |
| যৌন হয়রানি | কোন অবাঞ্ছিত বা অযাচিত যৌন আচরণ যা কিনা কোন পেশাদার কাজের পূর্বশর্ত, প্রতিকূলতা, ভয়ের পরিবেশ বা আপত্তিকর অবস্থার সৃষ্টি করে। ইচ্ছার বিরুদ্ধে বা বল প্রয়োগের মাধ্যমে বা ক্ষমতার অপব্যবহার করে কারও সাথে শারীরিক সম্পর্ক স্থাপন বা স্থাপনের হুমকি প্রদান করা। |
| যৌন আনকূল্য | অর্থ, পণ্য, পরিষেবা বা অন্যান্য সুবিধাদির বিনিময়ে কোন যৌনতা বা যৌন আচরণের আনুকূল্য প্রকাশ (অশালীন ছবি বা ভিডিও ধারণ বা ধারণের ইচ্ছা প্রকাশ, পর্নোগ্রাফি ধারণ, প্রচার, কুরুচিপূর্ণ বা অমর্যাদাপূর্ণ মন্তব্য ইত্যাদি)। |
| যৌন শোষণ/গ্রুমিং (Grooming) | অসহায়, ঝুঁকি বা দুর্বল অবস্থায় আছে এমন কারও সাথে সংবেদনশীল সম্পর্ক গড়ে তোলা বা তোলার আগ্রহ প্রকাশ করা এবং পরবর্তীতে একে যৌন উদ্দেশ্যে ব্যবহারের অভিপ্রায়। |

**শূন্য সহিষ্ণুতা (Zero Tolerance):**

ডিএসকে যৌন নিপীড়ন ও হয়রানি, নির্যাতন, হুমকিসহ সকল প্রকার দুর্ব্যবহারের বিরুদ্ধে শূন্য সহিষ্ণুতা (Zero Tolerance) নীতি বা অবস্থান ও সংস্কৃতি মেনে চলবে। প্রতিটি বিষয় পুরোপুরি আমলে নিয়ে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ করবে (চাকরি বিধিমালা উল্লেখিত সপ্তম অধ্যায় অনুযায়ী তদন্ত পরিচালনা ও প্রযোজ্য ক্ষেত্রে শাস্তিমূলক ব্যবস্থা)। পদমর্যাদা বা অবস্থান নির্বিশেষে প্রতিষ্ঠানের সকলকে সমানভাবে জবাবদিহিতার আওতায় আনা হবে।

**যৌন নির্যাতন ও হয়রানি প্রতিরোধে ডিএসকে'র দৃষ্টিভঙ্গি:**

ডিএসকের সকল কর্মকর্তা/কর্মচারী, মাঠ পর্যায়ে বাস্তবায়িত কাজের সাথে সম্পর্কিত উপকারভোগী এবং সংস্থার কাজের সাথে সংশ্লিষ্ট তৃতীয় পক্ষ (উপদেষ্টা/পরামর্শক/বিশেষজ্ঞ, সহযোগী প্রতিষ্ঠান/সিবিও, ঠিকাদার, সরবরাহকারী এবং ব্যবসায়িক সহযোগী) এ সম্পর্কিত আচরণ সম্বন্ধে অবহিত হবেন এবং প্রত্যাশিত আচরণ করবেন। ডিএসকে এমন কর্মপরিবেশ বজায় রাখবে যা যৌন নির্যাতন ও হয়রানি প্রতিরোধ করে।

(বিশেষ দ্রষ্টব্য: এ ধরনের পরিবেশ গড়ে তোলা, বজায় রাখা ও উন্নয়নে সমর্থন করা সকল স্তরের কর্মকর্তা/কর্মচারীর বিশেষ দায়িত্ব। এ কাজে কোন ব্যর্থতা বা ব্যত্যয় শৃঙ্খলাভঙ্গের ধারা অনুযায়ী শাস্তিযোগ্য অপরাধ হিসেবে বিবেচিত হবে এবং এ জন্য চাকরিচ্যুতিও ঘটতে পারে।)

**প্রতিকার:**

ডিএসকে'র কাজের সাথে সম্পৃক্তদের নিয়োগ বা নির্বাচনকালীন সময়ে তাদের অতীত কর্মকাণ্ড সম্পর্কে নিশ্চিত হয়ে নিয়োগ প্রদান করবে। ডিএসকে'র কর্মকর্তা/কর্মচারী কোন ধরনের যৌন নিপীড়ন ও হয়রানিমূলক কাজ সহ্য করবেন না, সহযোগী হবেন না এবং কোন ভাবেই যুক্ত থাকবেন না।

**অবহিতকরণ:**

কর্ম এলাকায় যে কোন প্রকার যৌন নিপীড়ন বা হয়রানির অভিযোগ সংক্রান্ত কোন সন্দেহ বা উদ্বেগ দেখা দিলে কি পদক্ষেপ গ্রহণ করা হবে সে সম্পর্কে সকল কর্মকর্তা/কর্মচারী এবং উপকারভোগীদেরকে স্বচ্ছ ধারণা দেয়ার বিষয়টি ডিএসকে নিশ্চিত করবে। প্রশিক্ষণ অধিবেশন, সেমিনার, মুক্ত আলোচনা, সমিতি/সিবিও সভা, পুস্তিকা প্রকাশ, পোস্টার প্রদর্শন ইত্যাদির মাধ্যমে এই নীতিমালা সম্পর্কে সকল কর্মকর্তা/কর্মচারী ও অংশীজনদের অবহিত করবে।



Dr. Dibalok Singha
Executive Director
Dushtha Shasthya Kendra (DSK)

পদক্ষেপ/করণীয়:
ডিএসকে যৌন নিপীড়ন বা হয়রানির খবর পেলে তা সনাক্ত ও চিহ্নিত করতে তাৎক্ষণিক ব্যবস্থা গ্রহণ এবং হয়রানির শিকার ব্যক্তির সুরক্ষা ও হিতকর অবস্থা নিশ্চিত করবে।

যে কোন ধরনের যৌন নিপীড়ন ও হয়রানির পরিস্থিতিতে ডিএসকে তার কর্মএলাকার লক্ষিত জনগোষ্ঠী, কর্মকর্তা ও কর্মচারীদের (শিশু, নারী, পুরুষ বা তৃণমূল জনগোষ্ঠী) সাহায্য ও সহযোগিতা করবে এবং তাদের মর্যাদা ও সম্মানের বিষয়টি নিশ্চিত করবে। অন্যান্য সংস্থা যারা আইনি অধিকার নিয়ে কাজ করে তাদের সাথে অংশীদারিত্বমূলক সম্পর্ক গড়ে তুলবে।

কোন ধরনের যৌন নিপীড়ন ও হয়রানির ঘটনা ঘটলে ডিএসকে আক্রান্ত ব্যক্তির অভিযোগের প্রেক্ষিতে সময়মত, গোপনীয় এবং কার্যকর অনুসন্ধান পরিচালনা, সহায়তা এবং সাহায্য প্রদান নিশ্চিত করবে।

ডিএসকে তার কর্মকর্তা ও কর্মচারীদের যৌন নিপীড়ন ও হয়রানিমুক্ত এবং পেশাদার পরিবেশে কাজ করার অধিকার নিশ্চিত করবে।

ডিএসকে'র সকল কর্মকর্তা ও কর্মচারী একে অপরের প্রতি সংবেদনশীল, শ্রদ্ধাপূর্ণ ও পেশাদার ব্যবহার নিশ্চিত করবেন।

জবাবদিহিতা:

ব্যক্তিগত জবাবদিহিতা:
ডিএসকে'র প্রত্যেক কর্মকর্তা/কর্মচারী যৌন নিপীড়ন ও হয়রানির বিরুদ্ধে একটি প্রাতিষ্ঠানিক সংস্কৃতি, সম্মান, ন্যায়পরায়নতা, বিশ্বাস এবং জবাবদিহিতার নীতিমালা অনুসরণ করবেন।

নেতৃত্বের জবাবদিহিতা:
সংস্থার নির্বাহী পরিচালক থেকে শুরু করে উর্ধ্বতন ব্যবস্থাপনা এবং বিভিন্ন পর্যায়ের নেতৃত্ব যৌন নিপীড়ন ও হয়রানির বিরুদ্ধে প্রাতিষ্ঠানিক অবস্থানকে তাদের আচরণ ও ব্যবহারের ভেতর দিয়ে প্রতিনিয়ত জোরালো ও শক্তিশালী করবেন।

প্রাতিষ্ঠানিক জবাবদিহিতা:
ডিএসকে যে কোন ধরনের যৌন নিপীড়ন ও হয়রানির অভিযোগের প্রেক্ষিতে আক্রান্ত ব্যক্তিকে সহযোগিতা করবে। এক্ষেত্রে নিরপেক্ষ ও গোপন তদন্ত পরিচালনা করবে। ডিএসকে'র চাকরি বিধিমালা অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করবেন এবং প্রয়োজনে দেশের প্রচলিত আইন অনুযায়ী বিচার কাজে সম্পূর্ণ সহযোগিতা করবে।

**যৌন নিপীড়ন বা হয়রানির অভিযোগ গ্রহণ, তদন্ত ও এ সংক্রান্ত আনুষ্ঠানিক প্রতিবেদনের ব্যবস্থাপনা:**

যৌন নিপীড়ন বা হয়রানির ঘটনায় আক্রান্ত ব্যক্তি নিজে বা অপর কোন ব্যক্তি যিনি বিষয়টি সম্পর্কে সরাসরি অবহিত, তিনি লিখিতভাবে আনুষ্ঠানিক অভিযোগ দাখিল করতে পারবেন।

বেনামি বা স্বাক্ষরবিহীন অভিযোগও বিবেচনায় নেয়া হবে। এক্ষেত্রে পুরো তদন্ত প্রক্রিয়া অভ্যন্তরীণ তদন্ত দলের মাধ্যমে অগ্রসর করা কঠিন হতে পারে। তাই এ ধরনের অভিযোগের দৃঢ় ভিত্তি আছে কিনা তা দেখা হবে। কর্তৃপক্ষ যাচাই করে পরবর্তী ধাপে অগ্রসর হওয়ার সিদ্ধান্ত গ্রহণ করবেন।

মৌখিক অভিযোগও গ্রহণ করা হবে, তবে পরবর্তীতে অভিযোগের লিখিত পত্র নিশ্চিত করতে হবে।

ডিএসকে (সংস্থার নীতিমালার আলোকে) দ্রুত অভিযোগ বিবেচনায় নেবে ও প্রয়োজনীয় তদন্ত হবে কিনা সে সংক্রান্ত সিদ্ধান্ত গ্রহণ করবে। তদন্তের সিদ্ধান্ত হলে "তদন্ত কমিটি" গঠন করা হবে।

যদি কোন অভিযোগ/দরখাস্ত আক্রান্ত ব্যক্তি ছাড়া অন্য কেউ দাখিল করে থাকেন, তাহলে তদন্ত কমিটি আক্রান্ত ব্যক্তির সাথে প্রাথমিক আলোচনার পর তদন্ত প্রক্রিয়া বিষয়ে সিদ্ধান্ত গ্রহণ করবেন।

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র যৌন নিপীড়ন বা হয়রানির অভিযোগ সংক্রান্ত তদন্তে নিরপেক্ষতা বজায় রাখা, যথাসময়ে সম্পন্ন করা ও কোন স্বার্থের দ্বন্দ্ব ছাড়াই বাস্তবায়ন নিশ্চিত করবে। সংস্থার নীতিমালার আলোকে তদন্তে ন্যায্যতা নিশ্চিত করা হবে এবং অভিযুক্ত ও আক্রান্ত ব্যক্তির অধিকার সম্পূর্ণভাবে সুরক্ষিত রাখা হবে।

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র'র চাকরি বিধিমালা ও অন্যান্য নীতিমালা অনুসরণে যৌন নিপীড়ন ও হয়রানি সংক্রান্ত তদন্ত প্রক্রিয়া পরিচালিত হবে।



Dr. Dibalok Singha
Executive Director
Dushtha Shasthya Kendra (DSK)

এ সংক্রান্ত লিখিত প্রতিবেদন ডিএসকে'র দফতরে প্রাতিষ্ঠানিকভাবে গ্রহণ করা হবে।

আক্রান্ত ব্যক্তিকে পুরো তদন্ত প্রক্রিয়া এবং তদন্তের ফলাফল সম্বন্ধে অবহিত করা হবে। অভিযুক্ত ব্যক্তিও তদন্ত প্রতিবেদনের ফলাফল জানতে পারবেন। ডিএসকে'র নীতিমালা অনুযায়ী এ সংক্রান্ত প্রয়োজনীয় গোপনীয়তা বজায় রাখা হবে।

পুরো তদন্ত প্রক্রিয়ায় যদি অপরাধ সংঘটিত হয়েছে বলে প্রতীয়মান হয় তাহলে সংস্থার নীতিমালা অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে। তাছাড়া প্রয়োজনে অপরাধের ধরন ও গভীরতা বিবেচনায় নিয়ে দেশের প্রচলিত আইন অনুযায়ী পদক্ষেপ গ্রহণ করা যাবে।

সংস্থার অভ্যন্তরে যৌন নিপীড়ন ও হয়রানির ঘটনা ঘটলে ডিএসকে গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের নারী ও শিশু নির্যাতন দমন আইন, ২০০০ (২০০৩ সনের সংশোধনীসহ); পারিবারিক সহিংসতা (প্রতিরোধ ও সুরক্ষা) আইন, ২০১০; বাংলাদেশ মহিলা আইনজীবী সমিতির রিট পিটিশন (রিট পিটিশন নম্বর ৫৯১৬/২০০৮) এর প্রেক্ষিতে বাংলাদেশ সুপ্রিম কোর্ট এর হাইকোর্ট বিভাগ কর্তৃক ঘোষিত রায় অনুসরণ করবে এবং এর ভিত্তিতে আক্রান্ত ব্যক্তির আইনগত সুরক্ষা নিশ্চিত করবে।

লিখিত বা আনুষ্ঠানিক অভিযোগ উত্থাপনের ধাপ নিম্নরুপ হতে পারে:
১ অভিযুক্তের নাম; ২. আক্রান্ত ব্যক্তির নাম; ৩. তারিখ ও ঘটনার স্থান; ৪. ঘটনার বিবরণ/ধরন; ৫. স্বাক্ষী (যদি থাকে); ৬. অন্যান্য কোন প্রয়োজনীয় তথ্য বা কোন প্রমাণক (যদি থাকে); ৭. আবেদনের তারিখ; ৮. বেনামি দরখাস্ত হলে, অভিযোগের বিস্তারিত বিবরণ ও প্রমাণক দিতে হবে।

**প্রতিষ্ঠানের প্রত্যাশা**

ডিএসকে প্রত্যাশা করে যে তার কর্মীবৃন্দ, দাতা সংস্থা, সহযোগী প্রতিষ্ঠান, ঠিকাদার, সরবরাহকারী এবং অন্যান্য যাদের সাথে ডিএসকে'র কাজ করছে তাদের কর্মী ও প্রতিনিধিরা ব্যক্তিগত বা কর্মজীবনে সকল প্রকার যৌন নিপীড়ন ও হয়রানি থেকে বিরত থাকবেন ও উচ্চ মানের পেশাদারি আচরণ নিশ্চিত করবেন।

**যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন মুখ্য ব্যক্তি (Focal Person):**

দুঃস্থ স্বাস্থ্য কেন্দ্র'র কর্মকর্তা/কর্মচারীগণ যে কোন ধরনের যৌন নির্যাতন ও হয়রানি সম্পর্কিত ঘটনা অবহিত হলে বা সন্দেহ হলে দ্রুত সংশ্লিষ্ট মুখ্য ব্যক্তি (Focal Person) কে সরাসরি/তৃতীয় ব্যক্তির মাধ্যমে অবহিত করবেন। সংস্থার সকল কর্মকর্তা/কর্মচারী সংশ্লিষ্ট মুখ্য ব্যক্তির কাছে খোলামেলাভাবে এবং নির্ভয়ে তাদের অভিযোগ, মতামত, তথ্য ও আলোচনা উত্থাপন করতে পারবেন। প্রয়োজনবোধে ডিএসকে অঞ্চল/জোন ভিত্তিতেও এ ধরনের মুখ্য ব্যক্তি নিযুক্ত করতে পারবেন। সংশ্লিষ্ট মুখ্য ব্যক্তি নিরবিচ্ছিন্নভাবে তথ্য, মতামত ও অভিযোগ সংগ্রহের লক্ষ্যে একটি হটলাইন নম্বর ও একটি ই-মেইল ঠিকানা ব্যবহার করবেন এবং তা সংস্থার অভ্যন্তরে প্রচার করবেন। উল্লেখ্য যে, তথ্য প্রদানকারী ব্যক্তি/কর্মীর (নাম, পরিচয় ও ঘটনাসহ) গোপনীয়তা নিশ্চিত করা হবে।

**তদারকি ও পরিবীক্ষণ:**

সংস্থার অভ্যন্তরীণ নিরীক্ষা ও পরিবীক্ষণ দল তাদের নিয়মিত তদারকি চেকলিস্টে যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন সংক্রান্ত নীতিমালা সম্পর্কিত তথ্য অন্তর্ভুক্ত করবে এবং নিয়মিত মাঠ পর্যায় থেকে তথ্য সংগ্রহ করবে। নীতিমালা বিষয়ে সংস্থার কর্মীরা জানেন কি না এবং এ বিষয়ে নিয়মিত তারা সচেতন আছেন কি না সেটা জানার চেষ্টা করবে।

**প্রতিবেদন তৈরি ও সংরক্ষণ:**

যৌন নিপীড়ন ও হয়রানি নিরসন মূখ্যব্যক্তিগণ ত্রৈমাসিক ভিত্তিতে সভা করবেন। সভায় প্রাপ্ত তথ্যসমূহ বিশ্লেষণ করবেন এবং সমন্বিত প্রতিবেদন উর্ধ্বতন ব্যবস্থাপনা দলের নিকট উপস্থাপন করবেন।

**পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিযোজন:**

ডিএসকে কর্তৃপক্ষ যে কোন সময় এই নীতিমালা বা নীতিমালা কোন অংশ পরিবর্তন/পরিবর্ধন/সংযোজন/বিযোজন/হালনাগাদ করার অধিকার সংরক্ষণ করবেন।

**কার্যকর:**

এই নীতিমালা ০১ মার্চ ২০২১ তারিখ থেকে কার্যকর হবে।



**Dr. Dibalok Singha**
Executive Director
Dushtha Shasthya Kendra (DSK)

# পরিশিষ্ট-কঃ  ব্যক্তিগত স্বীকৃতি

আমি অঙ্গিকার করছি যে, এ নীতিমালায় বিদ্যমান আবশ্যকীয় শর্তসমূহ আমি পড়েছি, পর্যালোচনা করেছি এবং সেগুলো অনুসরণ করতে সম্মত আছি। যে কোন যৌন নিপীড়ন ও হয়রানি, নির্যাতন এবং এরূপ সন্দেহজনক আচরণের তথ্য দিয়ে যৌন নিপীড়ন ও নিপীড়ন প্রতিরোধ কর্মপরিবেশ বজায় রাখবো এবং উল্লেখিত নীতিমালা বাস্তবায়নে সহায়তা করবো।

আমি কখনও উদ্দেশ্যমূলকভাবে বা কাউকে হেয় প্রতিপন্ন করার জন্য কোন মিথ্যা বা অসত্য তথ্য দিয়ে সংস্থার ব্যবস্থাপনাকে বিভ্রান্ত করার চেষ্টা করবো না।

এ নীতিমালায় উল্লেখ নেই বা নেই এমন কোন কিছু জানার প্রয়োজন হলে আমি অবশ্যই ডিএসকে'র সংশ্লিষ্ট কর্মকর্তা/বিভাগের নির্ধারিত প্রতিনিধির সাথে পরামর্শ করবো।

স্বাক্ষর : ------------------------------------------------------------

নাম :

প্রতিষ্ঠানের নাম :

তারিখ :

**ম্যাক পিসি ও উপকরণ সরবরাহের জন্য আগ্রহী দরদাতাগণকে আবশ্যিক তথ্য হিসেবে দরপত্রের সাথে নিচের তথ্যগুলো দখিল করতে হবে ঃ**

১) হালনাগাদ ট্রেড লাইসেন্স-২০২৫;

২) প্রতিষ্ঠানের টিআইএন/বিআইএন;

৩) **সর্বশেষ দাখিলকৃত পিএসআর;**

৪) ব্যাংক সলভেন্সি সনদ;

৫) ২০২৪ সালে ১০লক্ষ+ টাকার ন্যূনতম ১টি অভিজ্ঞতার সদন;

৬) কোম্পানীর প্রোফাইল (**Annex-01** অনুযায়ী)।

মো: নূরুল হক মল্লিক
উর্ধ্বতন কর্মকর্তা (প্রকিউরমেন্ট)
দু:স্থ স্বাস্থ্য কেন্দ্র (ডিএসকে)।